

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-শিম/শা-১৩/বিবিধ-২/দারুল ইহসান বিশ্বঃ/২০১৩/

তারিখ: ০৭ কার্তিক ১৪২০ বঙ্গাব্দ  
২২ অক্টোবর ২০১৩ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ সহকারি লাইব্রেরিয়ান/ক্যাটালগার পদে এমপিওভুক্তি প্রসঙ্গে।

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারী, ২০১০-মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত)-এর অনুবৃত্তিক্রমে নির্দেশিকায় বর্ণিত প্যাটার্নভুক্ত সহকারী লাইব্রেরিয়ান/ক্যাটালগার-এর গুণ্য পদে নিয়োগকৃতদের এমপিওভুক্তির বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো :

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয় ও ইউজিসি কর্তৃক স্বীকৃত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সনদধারী এবং সহকারী লাইব্রেরিয়ান/ক্যাটালগার পদে যথাযথ প্রক্রিয়ায় নিয়োগপ্রাপ্তদের সনদের সঠিকতা যাচাইপূর্বক এমপিও নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী সহকারী লাইব্রেরিয়ান/ক্যাটালগার পদে এমপিওভুক্তির জন্য বিবেচনা করা হবে;
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ও ইউজিসি কর্তৃক স্বীকৃত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সনদ ভূয়া অথবা জাল প্রমাণিত হলে সহকারী লাইব্রেরিয়ান/ক্যাটালগার পদে নিয়োগপ্রাপ্তদের নিয়োগ বাতিল করা হবে। জাল সনদধারীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ফৌজদারি মামলা দায়ের করবে।
- গ) বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের সহকারী লাইব্রেরিয়ান/ক্যাটালগার পদে যারা বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত হয়েছেন এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেছেন কিন্তু লাইব্রেরি সায়েন্সে অর্জিত সনদ ইউজিসি কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় অথবা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানের নয় এমন এমপিও প্রার্থী নিম্নবর্ণিত শর্তে এমপিওভুক্তির জন্য বিবেচিত হবেন :
  ১. সহকারী লাইব্রেরিয়ান/ক্যাটালগার পদের নির্ধারিত বেতন স্কেলের পূর্ববর্তী নিম্ন বেতন-স্কেলে উল্লিখিত প্রার্থীগণ এমপিওভুক্ত হবেন;
  ২. পরবর্তী ০৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক স্বীকৃত বেসরকারি বিশ্ববিদ্যালয় হতে (কোর্স অনুমোদন থাকাসহ) লাইব্রেরি সায়েন্সে কাম্য সনদ অর্জন করতে হবে;
  ৩. নির্দিষ্ট সময়সীমার মধ্যে লাইব্রেরি সায়েন্সে যথাযথ সনদ অর্জনকারীগণ এমপিও নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী স্ব-পদের জন্য নির্ধারিত বেতনস্কেল প্রাপ্য হবেন। তবে কোন বকেয়া প্রাপ্য হবেন না;
  ৪. ০৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে লাইব্রেরি সায়েন্সে যথাযথ সনদ অর্জনে ব্যর্থ হলে তাদের এমপিও স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে;
  ৫. কেবল জানুয়ারি-২০১৩ পর্যন্ত যোগদানকারী এবং এমপিওভুক্তির আবেদন প্রেরণকারীদের ক্ষেত্রে এ সুপারিশ প্রযোজ্য হবে;

স্বাক্ষরিত/-

২২/১০/২০১৩

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)

সচিব

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২-৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন/কারিগরি ও মাদ্রাসা/কলেজ/বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭-৮। যুগ্ম-সচিব (অডিট ও আইন/মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১০। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১১-১৮। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর।
- ১৯। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২০। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আগারগাঁও, ঢাকা।
- ২১-২৪। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক/রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ২৫-৮৯। জেলা প্রশাসক,----- (সকল)।
- ৯০। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৯১। পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ✓ ৯২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

নং-শিম/শা-১৩/বিবিধ-২/দারুল ইহসান বিশ্বঃ/২০১৩/৩৬৪

তারিখ: ০৭ কার্তিক ১৪২০ বঙ্গাব্দ  
২২ অক্টোবর ২০১৩ খ্রিষ্টাব্দ

অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা (শিক্ষা, সামাজিক উন্নয়ন ও রাজনীতিবিষয়ক) এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
- ৩। মাননীয় চেয়ারম্যান, জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির-এর একান্ত সচিব, রুম নং ৭৬৫, রেভেল, ৭, নর্থ ওয়েস্ট ব্লক, জাতীয় সংসদ ভবন, শেরেবাংলানগর, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

  
২২/১০/১৩  
(রহী রহমান)

যুগ্ম-সচিব

ফোন-৯৫৪০৫১৭